

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

এফই সার্কুলার নং-২৭

৩০ আষাঢ় ১৪২৭

তারিখ : -----

১৪ জুলাই ২০২০

বৈদেশিক মুদ্রায় লেনদেনের  
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

হালকা প্রকৌশল পণ্য রঞ্জনির বিপরীতে ভর্তুকি প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ২৮ ফেব্রুয়ারি ২০০৬ তারিখের এফই সার্কুলার নম্বর ০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বিদ্যমান ব্যবস্থায় রঞ্জনি খণ্পত্র/চুক্তিপত্রের আওতায় রঞ্জনি পরবর্তী পর্যায়ে প্রণীত দলিলাদি কিংবা ডকুমেন্টারি কালেকশনের মাধ্যমে প্রত্যাবাসিত রঞ্জনি আয়ের বিপরীতে ভর্তুকি প্রদানের পাশাপাশি নিম্নলিখিত শর্ত পরিপালন সাপেক্ষে টিটি'র মাধ্যমে অগ্রিম রঞ্জনিমূল্য প্রত্যাবাসন ব্যবস্থায় হালকা প্রকৌশল পণ্য রঞ্জনির বিপরীতে ভর্তুকি প্রযোজ্য হবে :

- ক) টিটি'র মাধ্যমে অগ্রিম রঞ্জনিমূল্য প্রত্যাবাসনের শর্তযুক্ত রঞ্জনি খণ্পত্র/চুক্তিপত্রের বিপরীতে রঞ্জনির ক্ষেত্রে অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে বিদেশি ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা, মূল্যের সঠিকতা এবং বাংলাদেশ থেকে প্রকৃত রঞ্জনির নিমিত্ত অগ্রিম মূল্য প্রত্যাবাসন সম্পর্কে টিটি বার্তার ভাষ্য ও অন্যান্য কাগজপত্রের ভিত্তিতে নিশ্চিত হয়ে নিতে হবে।
- খ) টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধ সরাসরি ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে (এক্সচেঞ্জ হাউস ব্যতীত) রঞ্জনি আদেশ প্রদানকারী বা রঞ্জনি আদেশ প্রদানকারীর সাথে সুনির্দিষ্ট ব্যবসায়িক সম্পর্ক রয়েছে এবং উৎস থেকে প্রত্যাবাসনের বিষয়টি নিশ্চিত হতে হবে এবং টিটি বার্তার ভাষ্যে আমদানি সংশ্লিষ্ট তথ্যসূত্র উল্লেখ থাকতে হবে।

২। এ নির্দেশনা ১০ মার্চ ২০২০ তারিখ থেকে কার্যকর হবে। হালকা প্রকৌশল খাতে রঞ্জনির বিপরীতে ভর্তুকি সংশ্লিষ্ট এফই সার্কুলারের অন্যান্য নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বাস,

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১২৩